



চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

শহীদ আবুল কাশেম সড়ক, চুয়াডাঙ্গা। ফোনঃ ০৭৬১-৬২২৮১

Web Site: www.chuadangapourashava.org, E-mail: mayor16cp@gmail.com

স্মারক নং- চুয়াঃ পৌঃ/২০১৮/ ০১২

তারিখ- ০৪/১/২০১৮ খ্রিঃ

প্রাপক : সচিব


স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লীউন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

বিষয় : পৌর কর্মকর্তা কর্মচারিগণ সরকারি কোষাগার থেকে পেনশনসহ বেতন-ভাতা ও অন্যান্য সুবিধাদি প্রদানের একদফা দাবিতে ২৮, ২৯ ও ৩০ জানুয়ারি' ২০১৮ তারিখ পর্যন্ত লাগাতার ০৩(তিন) দিনব্যাপী পূর্ণ দিবস কর্মবিরতি পালন করার কারণে চুয়াডাঙ্গা পৌরসভায় সকল ধরনের পৌর (পানি ব্যতিত) সেবা বন্ধ থাকা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণ করে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পৌরসভা সার্ভিস এসোসিয়েশনের আহবানে সমগ্র বাংলাদেশের ৩২৭টি পৌরসভার ন্যায় চুয়াডাঙ্গা পৌরসভার কর্মকর্তা-কর্মচারিগণ সরকারি কোষাগার থেকে পেনশনসহ বেতন-ভাতা ও অন্যান্য সুবিধাদি পাওয়ার একদফা দাবিতে ২৮, ২৯ ও ৩০ জানুয়ারি' ২০১৮ তারিখ পর্যন্ত লাগাতার ০৩(তিন) দিনব্যাপী পূর্ণ দিবস কর্মবিরতি পালন করছেন। এ পৌরসভার কর্মকর্তা-কর্মচারিদের লাগাতার ০৩ (তিন) দিনের কর্মবিরতির কারণে পৌরবাসীকে চরম দুর্ভোগ পোহাতে হচ্ছে। তাদের কর্ম বিরতির কারণে আমরা নির্বাচিত জন প্রতিনিধি হিসেবে পৌর পরিষদ শিশুদের স্বাস্থ্য সেবা সহ সামগ্রিক ভাবে জনসেবা প্রদানে ব্যর্থ হচ্ছি। ফলে সরকারের উন্নয়ন যাত্রা স্তব্ধ হচ্ছে। দেশের পৌরসভা মূলতঃ সেবামূলক প্রতিষ্ঠান যা জনস্বার্থে অতীব গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান।

০২। এমতাবস্থায়, পৌরবাসীর দুর্ভোগের কথা বিবেচনায় পৌরসভার সকল সেবা সচল রাখার স্বার্থে পৌর কর্মকর্তা-কর্মচারিগণ পেনশন সহ বেতন ভাতা রাষ্ট্রীয় কোষাগার হতে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বিনয় অনুরোধ জ্ঞাপন করছি।


০৪/১/২০১৮

(মোঃ ওবায়দুর রহমান চৌধুরী)

মেয়র

চুয়াডাঙ্গা পৌরসভা।

০/১